

2024 আন্তর্জাতিক শিক্ষার্থী স্কলারশিপ

GoGlobal@MiamiOH.edu | MiamiOH.edu/admission/international

M MIAMI
UNIVERSITY

OXFORD, OH • EST. 1809

দূর্দান্ত শিক্ষা এখন সাধ্যের মধ্যে

Miami University (মায়ামি বিশ্ববিদ্যালয়) 2024 এর ফল (শরৎকাল)-এ সুযোগ্য আন্তর্জাতিক শিক্ষার্থীদের জন্য একাধিক স্কলারশিপের সুযোগ নিয়ে এসেছে। এই স্কলারশিপ চার বছর পর্যন্ত নবায়নযোগ্য, এবং প্রাপক যে শিক্ষাকালে অর্থাৎ টার্মে এই পুরস্কার পেয়েছেন তাকে সেই টার্মে অক্সফোর্ড ক্যাম্পাসে পূর্ণকালের জন্য নথিভুক্ত হতে হবে। এই স্কলারশিপ উপলভ্যতার ভিত্তিতে পাওয়া যায় এবং পরিবর্তন সাপেক্ষ।

ভর্তির আবেদন করার সময়, শিক্ষার্থী অনার্স কলেজে আগ্রহের বিষয়ে জানিয়ে দিতে পারেন, যেখানে প্রেসিডেন্সিয়াল ফেলোস প্রোগ্রাম (PFP) এবং প্রোডেস স্কলারশিপ দেওয়া হয়। PFP এর জন্য বিবেচিত হওয়া বা অনার্স কলেজের জন্য অগ্রাধিকারভিত্তিক বিবেচিত হওয়ার জন্য 1 ডিসেম্বরের মধ্যে আবেদন করুন।

প্রেসিডেন্সিয়াল ফেলোস প্রোগ্রাম (PFP)

আবেদন করার শেষ তারিখ | 1 ডিসেম্বর 2023

প্রতি বছর অনার্স কলেজে পনেরো জন সেরা শিক্ষার্থীর জন্য চার-বছরের, নবায়নযোগ্য এবং অত্যন্ত প্রতিযোগিতামূলক স্কলারশিপে টিউশন, ফী, আবাসন এবং আহার অন্তর্ভুক্ত এবং শিক্ষাগত সমৃদ্ধি বাবদ একটি \$5,000 বৃত্তিও দেওয়া হবে। বিবেচিত হওয়ার জন্য, 1 ডিসেম্বরের আগে ভর্তির আবেদন করুন।

প্রোডেস স্কলারশিপ

অগ্রাধিকারভিত্তিক বিবেচিত হওয়ার জন্য আবেদন করার শেষ তারিখ | 1 ডিসেম্বর 2023

অনার্স কলেজে ভর্তি হওয়া যে সকল সেরা শিক্ষার্থী প্রেসিডেন্সিয়াল ফেলো নন, তাদের চার বছরের জন্য প্রতি বছর নবায়নযোগ্য \$2,000 স্কলারশিপ দেওয়া হয়। বিবেচিত হওয়ার জন্য, 1 ডিসেম্বরের আগে ভর্তির আবেদন করুন।

ইউনিভার্সিটি মেরিট স্কলারশিপ

অগ্রাধিকারভিত্তিক বিবেচিত হওয়ার জন্য আবেদন করার শেষ তারিখ | 1 ডিসেম্বর 2023

যেসব শিক্ষার্থী 1 ডিসেম্বরের মধ্যে ভর্তির আবেদন করবে এবং ন্যূনতম শিক্ষাগত যোগ্যতার শর্ত পূরণ করবে তাদের বিবেচনা করা হবে। যে শিক্ষার্থীরা পরে আবেদন করবে তাদের উপলভ্যতার ভিত্তিতে বিবেচনা করা হবে। স্কলারশিপের জন্য আলাদা করে আবেদন করার প্রয়োজন নেই। স্কলারশিপের গ্যারান্টি দেওয়া হচ্ছে না।

ওয়েটেড GPA*	ওহায়ো ছাড়া অন্য জায়গার বাসিন্দা (বার্ষিক পরিমাণ)
4.30+	\$15,000 থেকে শুরু
3.95-4.29	\$10,000 থেকে শুরু
3.75-3.94	\$6,000 থেকে শুরু
3.50-3.74	\$4,000 থেকে শুরু

*মার্কিন যুক্তরাষ্ট্রের বাইরের শিক্ষাব্যবস্থায় শিক্ষাপ্রাপ্ত সব আন্তর্জাতিক আবেদনকারীদের ক্ষেত্রে মায়ামি 4.0 স্কেলে সমতুল্য U.S. GPA গণনা করে। মার্কিন যুক্তরাষ্ট্রের হাই স্কুলের (বা যেকোনো মার্কিন যুক্তরাষ্ট্রের হাই স্কুলের পাঠক্রম ও গ্রেডিং ব্যবস্থা অনুসরণ করে) আন্তর্জাতিক শিক্ষার্থীদের ক্ষেত্রে, যদি আপনার স্কুল ইতিমধ্যে ওয়েট যোগ না করে তাহলে ওয়েটেড GPA প্রদানের জন্য মায়ামি আপনার GPA পুনরায় গণনা করবে।

ইন্টারন্যাশনাল এডুকেশন স্কলারশিপ (আন্তর্জাতিক শিক্ষার স্কলারশিপ)

অগ্রাধিকারভিত্তিক বিবেচিত হওয়ার জন্য আবেদন করার শেষ তারিখ | 1 ডিসেম্বর 2023

প্রতি বছর \$2,500 থেকে \$12,000 এর স্কলারশিপ দেওয়া হয় এবং আবেদন করার সময় জানানো শিক্ষার রেকর্ড ও অন্যান্য তথ্যের ভিত্তিতে তা দেওয়া হয়। অগ্রাধিকারভিত্তিক বিবেচিত হওয়ার জন্য, 1 ডিসেম্বরের মধ্যে ভর্তির আবেদন করুন।

#YouAreWelcomeHere স্কলারশিপ

আবেদন করার শেষ তারিখ | 1 ডিসেম্বর 2023

যেসব আন্তর্জাতিক শিক্ষার্থী আন্তঃসংস্কৃতিক উপলব্ধি বাড়াবার দৃষ্টিভঙ্গী পোষণ করে তারা এই স্কলারশিপ জিততে পারে, যা টিউশনের কমপক্ষে 50% খরচ বহন করে। 1 ডিসেম্বরের মধ্যে একটি আলাদা স্কলারশিপের আবেদন পূরণ করুন।

